

## শিশুদের মৌলিক সমস্যার সমাধানে পরিকল্পিত কর্মসূচী গ্রহণ করিতে হইবে—ভাইস প্রেসিডেন্ট

বাসস ও এনা জানায় : ভাইস প্রেসিডেন্ট বিচারপতি আবদুস সাত্তার দেশের শিশুবা যেসব মৌলিক সমস্যার সম্মুখীন সেগুলি সমাধানের জন্ত পরিকল্পিত কর্মসূচী গ্রহণের আয়োজন জানাইয়াছেন। তিনি বলেন, আমাদের সম্পদ সীমিত, তাই পর্যায়ক্রমে কর্মসূচী গ্রহণ করিতে হইবে। 'শিশুদের অধিকার' শীর্ষক বাংলা দেশ শিশু একাডেমী কর্তৃক গত কাল (রবিবার) একাডেমী লাইব্রেরী মিলনায়তনে আয়োজিত সেমিনারে বক্তৃতাকালে বিচারপতি সাত্তার শিশুদের জন্ত গৃহীত কর্মসূচী শুধু শহর এলাকায়

সীমাবদ্ধ না রাখিয়া সারা দেশে ছড়াইয়া দেওয়ার উপর গুরুত্ব আরোপ করেন। বিশ্ব শিশুদিবস উপলক্ষে আয়োজিত এ সেমিনারে সভানেত্রী ছিলেন মহিলা বিষয়ক মন্ত্রী ডঃ আমিনা রহমান। ভাইস প্রেসিডেন্ট বলেন, শিশুদের মানসিক এবং দৈহিক উন্নতির জন্ত ইতিপূর্বে যেসব ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে, সেগুলির পর্যালোচনা করিয়া নতুন ভাবে কি কি করা দরকার তাহা চিন্তা ভাবনা করা প্রয়োজন। শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত (৮ম পৃঃ ২ এর কঃ দুঃ)

P.T.O

### শিশুদের মৌলিক সমস্যা

(১ম পৃঃ পর)

সচিব ডঃ আবদুল্লাহ আল মুতী শরফুদ্দিন বলেন, শিশুদের প্রথমে নষ্ট হওয়ার হাত হইতে রক্ষা করিয়া পরে ক্ষুধা, অপুষ্টি, চিকিৎসা এবং নিরক্ষরতার অভি-শাপ হইতে রক্ষা করিতে হইবে। ডঃ নীলিমা ইব্রাহীম বলেন, আমাদের শিশুদের উন্নততর জীবনব্যবস্থার জন্ত সামাজিক দৃষ্টিভঙ্গির পরিবর্তন এবং সকল (২য় পৃঃ পর)

### শিশুদের মৌলিক সমস্যা

(১ম পৃঃ পর)

মহলের সম্মিলিত প্রচেষ্টা চালাইতে হইবে।

খাওয়াভ্যাস পরিবর্তনের মাধ্যমে শিশুদের অপুষ্টি দূর করা যায়

আমাদের রিপোর্টার জানান, গতকাল (রবিবার) বাংলা একাডেমী মিলনায়তনে কেন্দ্রীয় কচিকাঁচার মেলার উদ্বোধনে বিশ্ব শিশুদিবস উপলক্ষে 'শিশুর অধিকার' শীর্ষক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ শিশুকল্যাণ পরিষদের ভারপ্রাপ্ত সভানেত্রী প্রফেসর নীলিমা ইব্রাহিমের সভানেত্রীত্বে অনুষ্ঠিত ও অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন স্বাস্থ্যমন্ত্রী প্রফেসর এ.কিউ.এম. বদরুদ্দোজা চৌধুরী এবং অস্থানোর মাধো বক্তৃতা করেন কেন্দ্রীয় মেলার পরিচালক জনাব মোকনুজ্জামান খান (দাদাভাই)।

স্বাস্থ্যমন্ত্রী প্রফেসর বদরুদ্দোজা চৌধুরী তাঁহার বক্তৃতায় বলেন, খাওয়াভাসের ব্যাপক পরিবর্তন করিয়া অপুষ্টির অভিশাপ হইতে শিশুদের রক্ষা করা সম্ভব।

তিনি বলেন, শিশুদের সাবিক কল্যাণ সাধনের জন্ত সরকারের পাশাপাশি মা বাবা ও সমাজের কর্তা ব্যক্তিদেরও

পরিষদ মিলনায়তনে টাদেরহাট আয়োজিত এক অনুষ্ঠানে ভাষণ-দানকালে তথ্যমন্ত্রী জনাব হাবিবুল্লাহ খান ভবিষ্যৎ নেতৃত্ব গ্রহণের উপযোগী করিয়া শিশুদের গড়িয়া তোলার জন্ত শিক্ষক ও অভিভাবকদের প্রতি আহ্বান জানান।

তিনি বলেন, শিশুদের দেশের যোগ্য নাগরিক হিসাবে গড়িয়া তোলার দায়িত্ব শিক্ষক এবং অভিভাবকদের। মন্ত্রী দুঃখ প্রকাশ করিয়া বলেন যে, এখনও এমন কিছু শিক্ষক ও অভিভাবক আছেন যাহারা হাতদের সামান্য ভুলের জন্য প্রহার করেন, ইহা ঠিক নহে।